গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৭-১০৩ তারিখঃ ০৪/০৫/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ ০৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী- ৪ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-২ পাতা।

(ড. শেখ হারুনুর রশিদ আহমদ)
যুগ্মসচিব (বাজেট)
ফোনঃ ৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৪-২৫, দিলকুশা বা/এ, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন/বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-২/ব্লু ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৪. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্থান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী সচিব (আইসিটি),মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
১৮. সিনিয়র সহকারী সচিব (বাজেট-২০ শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# ০৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাকসুদুল হাসান খান<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ০৪/০৫/২০১৭ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

**বিগত সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ:** সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি বিগত ২০/০৪/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**১.০ আলোচ্যসূচি-১: ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রক্ষেপণ অনুমোদন:**

সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে যুগ্মসচিব (বাজেট) সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন। যুগ্মসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, রাজস্ব আয় ও রাজস্ব ব্যয়-এর প্রাক্কলন ও প্রক্ষেপণের জন্য সিলিং বাজেট পরিপত্র-২ মোতাবেক মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা ও মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণের সিলিং নির্ধারণ সংক্রান্ত বিষয়বস্তুসমূহ নিম্নরূপভাবে নির্ধারিত রয়েছেঃ

## রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয়/বিভাগ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | ৬১.৯৫ | ৬৯.৩৯ | ৭৭.৭১ |

## মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয়/বিভাগ | ২০১৭-১৮ অর্থ বছরের প্রস্তাবিত ব্যয়সীমা (অবসর ভাতা ব্যতীত) | | | | | ২০১৭-১৮ অর্থ বছরের মোট ব্যয়সীমা (অবসর ভাতাসহ) | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | অনুন্নয়ন | উন্নয়ন | | | মোট | | | |
| | | জিওবি | পিএ | উপমোট | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫=(৩+৪) | ৬=(২+৫ | ৭ | ৮ | ৯ |
| মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৯১৪.৩৪ | ৮০০.০০ | ২১৪.৭৫ | ১০১৪.৭৫ | ১৯২৯.০৯ | ২১২৮.১৮ | ২১২২.০০ | ২৩৩৪.২০ |

অর্থ বিভাগ হতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং প্রস্তাবিত ব্যয়সীমার আলোকে ২০১৭-২০১৮ অর্থবছরের প্রাক্কলন (উন্নয়ন ও অনুন্নয়ন) এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ (উন্নয়ন ও অনুন্নয়ন) মন্ত্রণালয়সহ দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপ বিভাজন সভায় পুন:বন্টনের জন্য উপস্থাপন করা হয়। সভায় বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে ব্যয়সীমার যে সিলিং দেয়া হয়েছে তা সঠিক আছে বলে প্রতিনিধিগণ মতামত দেন।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের মধ্যমেয়াদী বাজেট কাঠামো ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ প্রণয়নে রাজস্ব প্রাপ্তির প্রাক্কলণ ও প্রক্ষেপণ:**

(লক্ষ টাকায়)

| দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সচিবালয় | ৯৭.৫৪ | ১০৮.০০ | ১০৭.০০ | ১২৩.০০ |
| মৎস্য অধিদপ্তর | ১৬১৩.৬০ | ২০১৭.৭০ | ২২৬৭.৫০ | ২৫৪৭.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৩২৮৭.৬৫ | ৩৮৮৮.০০ | ৪৩৭১.১৫ | ৪৯০২.৬৫ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৪৪.২০ | ৪৬.০০ | ৪৮.০০ | ৫০.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২৫ | ০.৩০ | ০.৩৫ | ০.৩৫ |
| **স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | | | | |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.৪০ | ১৭.০০ | ২০.০০ | ২০.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ২৫.০০ | ২৬.০০ | ২৭.০০ | ২৮.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ২.০০ | ২.০০ | ৩.০০ | ৪.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ৮৫.০০ | ৯০.০০ | ৯৫.০০ | ৯৬.০০ |
| | | | | |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | **১২২.৪০** | **১৪৩.০০** | **১৫০.০০** | **১৫৩.০০** |
| | | | | |
| **মোট** | **৫১৬৫.৬৪** | **৬১৯৫.০০** | **৬৯৩৯.০০** | **৭৭৭১.০০** |

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরের প্রক্ষেপণের সিলিং:**

(লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| **সচিবালয়** | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ১৫৫৩৪.১৭ | ১৬৮৭.৭৫ | ১৯৫১.২০ | ২১১৯.৭৫ | ২২৫২.৩০ |
| জিওবি (উন্নয়ন) | ২০৪৭.০০ | ২০৪৭.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **২০৪৭.০০** | **২০৪৭.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| জিওবি ( উন্নয়ন থোক) | ১৭৯৭.০০ | ০.০০ | ৩১০৪.০০ | ২০৯২০.২৬ | ৩০৭৪৫.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট থোক (জিওবি+পিএ) | **১৭৯৭.০০** | **০.০০** | **৩১০৪.০০** | **২০৯২০.২৬** | **৩০৭৪৫.০০** |
| সর্বমোট উন্নয়ন (জিওবি +পিএ+ থোক) | **৩৮৪৪.০০** | **২০৪৭.০০** | **৩১০৪.০০** | **২০৯২০.২৬** | **৩০৭৪৫.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **১৯৩৭৮.১৭** | **৩৭৩৪.৭৫** | **৫০৫৫.২০** | **২৩০৪০.০১** | **৩২৯৯৭.৩০** |

(লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| আন্তর্জাতিক সংস্থার চাঁদা | | | | | |
| **মোট (অনুন্নয়ন)** | ৭১.০০ | ৭১.০০ | ৭১.০০ | ৭২.০০ | ৭৫.০০ |
| মৎস্য অধিদপ্তর | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ২৪৭৩৯.০২ | ২৩৬২৭.৭৫ | ২৫৬৫৪.৯২ | ২৯৪০৬.০০ | ৩৩৮১৩.৩৫ |
| জিওবি (উন্নয়ন) | ২৮৮৯৪.০০ | ২৮৫৮৮.০০ | ২৯০২৬.০০ | ৩৩৯৬৯.৭৪ | ২৪৬১৪.০০ |
| পিএ (উন্নয়ন) | ৬৪৮৪.০০ | ৫৪৫৭.০০ | ১০৬৭৫.০০ | | |
| **মোট উন্নয়ন** | **৩৫৩৭৮.০০** | **৩৪০৪৫.০০** | **৩৯৭০১.০০** | **৩৩৯৬৯.৭৪** | **২৪৬১৪.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৬০১১৭.০২** | **৫৭৬৭২.৭৫** | **৬৫৩৫৫.৯২** | **৬৩৩৭৫.৭৪** | **৫৮৪২৭.৩৫** |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ৫২৭৩৭.৬১ | ৫২২০১.৪৭ | ৫৬৬৫৭.৯২ | ৬৪৮৯৫.২৫ | ৭৪৬২৫.৩৫ |
| জিওবি (উন্নয়ন) | ২৮২২১.০০ | ৩৩৪৮২.০০ | ৩৪৯১১.০০ | ৩৮৪০২.০০ | ৪২২৪২.০০ |
| পিএ (উন্নয়ন) | ৫৫০৬.০০ | ৪৫৯৭.০০ | ১০৮০০.০০ | | |
| **মোট উন্নয়ন** | **৩৩৭২৭.০০** | **৩৮০৭৯.০০** | **৪৫৭১১.০০** | **৩৮৪০২.০০** | **৪২২৪২.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৮৬৪৬৪.৬১** | **৯০২৮০.৪৭** | **১০২৩৬৮.৯২** | **১০৩২৯৭.২৫** | **১১৬৮৬৭.৩৫** |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ৬৯৭.২০ | ৬৯৭.২০ | ৭৫৩.০০ | ৮৬৫.০০ | ৯৯৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১৬৮৩.০০ | ১৬৮৩.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **১৬৮৩.০০** | **১৬৮৩.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **২৩৮০.২০** | **২৩৮০.২০** | **৭৫৩.০০** | **৮৬৫.০০** | **৯৯৫.০০** |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ২১৭.০০ | ২১৭.০০ | ২৬৩.০০ | ৩০২.০০ | ৩৪৭.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **২১৭.০০** | **২১৭.০০** | **২৬৩.০০** | **৩০২.০০** | **৩৪৭.০০** |
| স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ | | | | | |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ২৬০০.০০ | ২৭৪৫.২০ | ৩১৬০.০০ | ৩৬৩৪.০০ | ৪১৭৯.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১০৫৮.০০ | ৬৯৬.০০ | ১৩৪৫.০০ | ১৪৭৯.০০ | ১৬১৬.০০ |
| পিএ (উন্নয়ন) | ৩৯.০০ | ১৯.০০ | ০.০০ | | |
| **মোট উন্নয়ন** | **১০৯৭.০০** | **৭১৫.০০** | **১৩৪৫.০০** | **১৪৭৯.০০** | **১৬১৬.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৩৬৯৭.০০** | **৩৪৬০.২০** | **৪৫০৫.০০** | **৫১১৩.০০** | **৫৭৯৫.০০** |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | | | | | |
| **মোট অনুন্নয়ন** | **২৫১২.০০** | **২৬২৬.২৬** | **২৮৩৬.০০** | **৩২৬১.০০** | **৩৭৫০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ১৭৯৪.০০ | ২০৯৮.০০ | ৩৮৫৬.০০ | ৪২৪১.০০ | ৪৬৬৫.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **১৭৯৪.০০** | **২০৯৮.০০** | **৩৮৫৬.০০** | **৪২৪১.০০** | **৪৬৬৫.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৪৩০৬.০০** | **৪৭২৪.২৬** | **৬৬৯২.০০** | **৭৫০২.০০** | **৮৪১৫.০০** |

(লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ৭৭.০০ | ৮০.৫২ | ৮৬.৯৬ | ১০০.০০ | ১১৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৭৭.০০** | **৮০.৫২** | **৮৬.৯৬** | **১০০.০০** | **১১৫.০০** |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | | | | | |
| **মোট অনুন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ৩৫০৬.০০ | ৩৫০৬.০০ | ৭৭৫৮.০০ | ৮৫৩৩.০০ | ৯৩৮৬.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **৩৫০৬.০০** | **৩৫০৬.০০** | **৭৭৫৮.০০** | **৮৫৩৩.০০** | **৯৩৮৬.০০** |
| **মোট (অনুন্নয়ন + উন্নয়ন)** | **৩৫০৬.০০** | **৩৫০৬.০০** | **৭৭৫৮.০০** | **৮৫৩৩.০০** | **৯৩৮৬.০০** |
| | | | | | |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (অনুন্নয়ন)** | **৫১৮৯.০০** | **৫৪৫১.৯৮** | **৬০৮২.৯৬** | **৬৯৯৫.০০** | **৮০৪৪.০০** |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (উন্নয়ন)** | **৬৩৯৭.০০** | **৬৩১৯.০০** | **১২৯৫৯.০০** | **১৪২৫৩.০০** | **১৫৬৬৭.০০** |
| | | | | | |
| **সর্বমোট মোট (অনুন্নয়ন)** | **৯৯১৮৫.০০** | **৮৩৯৫৪.১৫** | **৯১৪৩৪.০০** | **১০৪৬৫৫.০০** | **১২০১৫২.০০** |
| **মোট জিওবি (উন্নয়ন)** | **৬৯০০০.০০** | **৭২১০০.০০** | **৮০০০০.০০** | **১০৭৫৪৫.০০** | **১১৩২৬৮.০০** |
| **মোট পিএ (উন্নয়ন)** | **১২০২৯.০০** | **১০০৭৩.০০** | **২১৪৭৫.০০** | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট মোট উন্নয়ন (জিওবি+পিএ)** | **৮১০২৯.০০** | **৮২১৭৩.০০** | **১০১৪৭৫.০০** | **১০৭৫৪৫.০০** | **১১৩২৬৮.০০** |
| **সর্বমোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | **১৮০২১৪.০০** | **১৬৬১২৭.১৫** | **১৯২৯০৯.০০** | **২১২২০০.০০** | **২৩৩৪২০.০০** |

আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর তাঁর দপ্তরের বিপরীতে রাজস্ব প্রাপ্তির যে সিলিং নির্ধারণ করে দেয়া হয়েছে তা আরও কমানোর যৌক্তিকতা তুলে ধরেন। এ প্রসংগে তিনি বিগত অর্থ বছর থেকে কিছু বাড়ানোর অনুরোধ করেন। কেননা রাজস্ব প্রাপ্তির খাতসমূহ প্রায় নির্ধারন করাই থাকে। তা রাতারাতি বৃদ্ধি পাওয়া অসম্ভব বলে তা আর একটু কমিয়ে নির্ধারণের অনুরোধ জানান। সভাপতি মহাপরিচালকের অনুরোধ সমর্থন করেন। এ প্রসংগে তিনি প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুকূলে রাজস্ব প্রাপ্তি আরো ২ কোটি বাড়িয়ে তা সমন্বয় করার নির্দেশনা প্রদান করেন। প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে আগত প্রতিনিধি এ বিষয়ে একমত পোষণ করেন।

সভাপতি এ পর্যায়ে ধার্য্যকৃত সিলিং ঠিক আছে কিনা সে বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে আগত প্রতিনিধির মতামত আহবান করেন। তিনি তাঁর দপ্তরের অনুকূলে অনুন্নয়ন খাতে বরাদ্দ বাড়ানোর অনুরোধ জানান। নতুন কর্মর্তাদের যোগদানের নিমিত্ত বেতন ভাতাদি বৃদ্ধি পাবে বলে তিনি এ দাবী জানান। সভাপতি বেতন বৃদ্ধির বিষয়টি স্বাভাবিকভাবেই আমলযোগ্য বিধায় এ খাতে কোন সমস্যা হবে না মর্মে পরামর্শ প্রদান করেন।

বিএফডিসির জন্য ২০১৬-১৭ অর্থ বছরে যে প্রাপ্তির সিলিং নির্ধারণ করা হয়েছে তা সঠিক আছে। তবে ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ এবং ২০১৯-২০ এর জন্য প্রাপ্তির যে সিলিং নিধার্রণ করা হয়েছে সে বিষয়টি সামন্জস্যপূর্ণ হয়নি মর্মে সভাপতি যথাক্রমে যুগ্মসচিব(বাজট) এবং বিএফডিসি এর মতামত আহবান করেন। এ প্রেক্ষিতে যুগ্মসচিব(বাজেট) সভাকে অবহিত করেন যে, বাজেট পরিপত্র-১ মোতাবেক ওয়ার্কিং গ্রুপের সভায় এবং পরবর্তীতে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাতে বিএফডিসি এর জন্য যে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল তা-ই রাখা হয়েছে । উক্ত ওয়ার্কিং গ্রুপের সভায় বিএফডিসি এর প্রতিনিধি এবং বিএমসি সভায় চেয়ারম্যান, বিএফডিসি উপস্থিত ছিলেন। বিএফডিসি এর পক্ষে আগত প্রতিনিধি এ বিষয়ে কোন মতামত দেননি। সভাপতি বিএফডিসির চেয়ারম্যানের সাথে আলোচনাক্রমে তা পুন:নির্ধারণের পরামর্শ প্রদান করেন। সভাপতির পরামর্শের প্রেক্ষিতে এ প্রসংগে অর্থ বিভাগ থেকে আগত যুগ্মসচিব(বাজেট-৬) ও এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাগুলোর সাথে আলোচনাক্রমে সমন্বয় করার পরামর্শ প্রদান করেন।

আলোচনার এ পর্যায়ে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রার তাঁর দপ্তরের রাজস্ব প্রাপ্তি বৃদ্ধির বিষয়ে যৌক্তিক মতামত তুলে ধরেন। তিনি সভায় জানান যে, ১৯৮৫ সাল থেকে তাঁর দপ্তর হতে ভেটেরিনারি চিকিৎসকদের অনুকূলে একই ফি' হারে অদ্যাবধি রেজিস্ট্রেশন প্রদান এবং তা নবায়ন করা হয়ে আসছে। বর্তমান আর্থ-সামাজিক কথা বিবেচনায় এনে চলমান ফি' এর পরিমাণ বৃদ্ধি করা হলে ভেটেরিনারি কাউন্সিলের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন কয়েকগুন বাড়ানো সম্ভব হবে মর্মে সভাকে জানান। তাঁর বক্তব্য যৌক্তিক মর্মে এ লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে যুগ্মসচিব(প্রাস-২)ও একমত পোষণ করেন।

আলোচনার এ পর্যায়ে এ মন্ত্রণালয়ের যুগ্মপ্রধান (পরিকল্পনা অনুবিভাগ) , উন্নয়নের সিলিং নিয়ে আলোচনা করেন। সভায় এ বিষয়ে তিনি জানান গত অর্থ বছরের তুলনায় এ বছর উন্নয়ন খাতে ২৩% বৃদ্ধি পেয়েছে। সভাপতি এ বিষয়ে সন্তোষ প্রকাশ করে বলেন যে, এ মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধির জন্য উন্নয়ন খাতে বরাদ্দ দিন দিন আরও বাড়বে। প্রদত্ত বরাদ্দের যথাযথ ব্যবহার করে এগিয়ে যেতে পারলে এ মন্ত্রণালয়ের কমর্কান্ড খুব অচিরেই দৃশ্যমান হবে। এ প্রসংগে তিনি এ মন্ত্রণালয়ের অনুকূলে পাইপ লাইনে থাকা প্রায় ৩৮টি প্রকল্পের কাজ দক্ষতার সাথে পরিচালনা করার আহবান জানান। দক্ষ এবং যোগ্য প্রকল্প পরিচালকের অভাবে অনেক ক্ষেত্রেই প্রকল্পের কাজ সুষ্টুভাবে সম্পাদন করা যায়না । এজন্য তিনি দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে ১০/১৫ জন করে মেধাবী ও কর্মতৎপর কর্মকর্তার সমন্বয়ে পুল তৈরী করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা/পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্তসমূহঃ**

১.১. ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রক্ষেপণ তথা বিভাজন অনুমোদন করা হয়;

১.২ মৎস্য অধিদপ্তরের জন্য ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ এবং ২০১৯-২০ এর জন্য প্রাপ্তির যে সিলিং নিধার্রণ করা হয়েছে সে বিষয়টি পুন যাচাই করে কমিয়ে প্রাণিসম্পদের সাথে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।

## ২.০ <u>আলোচ্যসূচি-২: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত আলোচনা:</u>

অতিরিক্ত -সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্য এবং ৫০টি কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। সবগুলো কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। গত ১৬/০৪/২০১৭ তারিখে বাজেট

ব্যবস্থাপনা কমিটির সভায় (জানুয়ারি-মার্চ/২০১৭ পর্যন্ত) তৃতীয় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন অনুমোদিত হয় এবং তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

এ মন্ত্রণালয়ের ২০১৭-১৮ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়াও ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বিগত বছরের ন্যায় ২০১৬-১৭ অর্থ বছরেও সংস্থাওয়ারী কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমের বাস্তবায়ন মূল্যায়নপূর্বক আগামী ১০ জুলাইয়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে অবহিত করা হয়েছে। তিনি মন্ত্রণালয় ও বিভিন্ন সংস্থার সাথে ২০১৭-১৮ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। সভাপতি তাঁর বক্তব্যের সাথে একমত পোষণ করে অধিদপ্তর/সংস্থা প্রধানগণকে এ বিষয়ে সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা দেন।

বিস্তারিত আলোচনা শেষে সভাপতি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে স্বাক্ষরিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়টি তরান্বিত করার জন্য সকলকে একযোগে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

২.১। ২০১৭-১৮ অর্থ বছরের এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্বাক্ষরিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়টি তরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ বিবিধ আলোচনা:

সভার বিবিধ আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর জেলেদের নিরাপত্তার জন্য “অনুদান”, জেলেদের নিবন্ধনের জন্য “ জেলে নিবন্ধন” সার্ভিল্যান্স কার্যক্রম অব্যাহত প্রক্রিয়া হওয়ায় “জরিপ” এবং “অফিস ভবন” নামীয় এই চারটি নতুন কোড সৃজনের বিষয়ে অনুরোধ জানান। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের পক্ষে তাঁর দপ্তরের গাভী ক্রয়’ নামীয় কোড খোলার অনুরোধ জানানো হয়। মহাপরিচালক, বিএফআরআই " পুকুর মেরামত ও সংস্কার’ নামীয় একটি কোড খোলার অনুরোধ জানান। সংশ্লিষ্ট মহাপরিচালকের বক্তব্যের প্রেক্ষিতে সভাপতি একমত পোষণপূর্বক এ বিষয়ে অর্থ বিভাগের প্রতিনিধির মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে অর্থ বিভাগের উপ-সচিব (বাজেট-২০) সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থার জন্য যাচিত কোড সৃজনের বিষয়ে আগামী ১১.০৫.২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠেয় যৌক্তিকীকরণ সভায় প্রয়োজনীয় তথ্যাদিসহ উপস্থিত থেকে মতামত প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন। এ প্রসংগে এ মন্ত্রণালয়ের প্রধান হিসব রক্ষণ কর্মকর্তাও অডিট আপত্তি নিরসনের লক্ষ্যে পৃথক পৃথক কোড খোলার বিষয়ে সভায় একমত পোষণ করেন।

অর্থ বিভাগের উপ-সচিব(বাজেট-২০) সভাপতির দৃষ্টি আকর্ষন করে জানান যে, অর্থ বিভাগের মাননীয় সিনিয়র সচিব এ মন্ত্রণালয়ের মৎস্য সেক্টরে স্বাদুপানির মৎস্য উন্নয়নের বিষয়টি যথেষ্ট গুরুত্বের সংগে দেখছেন। কিন্তু প্রাণিসম্পদ সেক্টরের অনেক ক্ষেত্রেই দূর্বলতা এবং অনুন্নয়নের বিষয়ে মনোযোগ দেবার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেছেন মর্মে সভাকে অবহিত করেন।

সভার এ পর্যায়ে অর্থ বিভাগের উপ-সচিব(বাজেট-২০) আরও জানান যে, এ মন্ত্রণালয়ের বাজেট সহ এ সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন করা হয়ে থাকে অর্থ বিভাগ থেকে । কিন্তু প্রকল্প প্রণয়নকালে Foreign Exposer Visit/Study Tour গুলোতে ডিপিপিতে অর্থ বিভাগের কোন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয় না। তাঁর এই বক্তব্যের রেশ ধরে এ মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাও এ বিষয়ে আক্ষেপ করেন। সভাপতি

তাদেঁর এ দাবী যৌক্তিক মর্মে পরবর্তীতে প্রকল্প প্রণয়ণকালে Exposer Visit/Study Tour গুলোতে অর্থ বিভাগের প্রতিনিধি এবং এ মন্ত্রণালেয়র প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অর্ন্তভূক্ত করার বিষয়টি সংশ্লিষ্ট সকলকে আমলে নেয়ার নির্দেশনা প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

৩.১ মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বিএফআরআই এর কোড সৃষ্টির ব্যাপারে যৌক্তিকতাসহ অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত;

৩.২ প্রকল্প প্রণয়ণকালে ডিপিপিতে Foreign Exposer Visit/Study Tour গুলোতে অর্থ বিভাগের প্রতিনিধি এবং এ মন্ত্রণালেয়র প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অর্ন্তভূক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৪.০। আলোচ্যসূচি অনুযায়ী সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/০৫/২০১৭
(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।